

অষ্টম শ্রেণীর ভূগোল মডেল অ্যাক্টিভিটি টাস্ক এর সমস্ত প্রশ্ন এবং উত্তর পার্ট ৩

Class 8 Geography Model Activity Task Part 3

অধ্যায় : চাপ বলয় ও বায়ুপ্রবাহ

১.

ক) শূন্যস্থানে সঠিক শব্দটি বসিয়ে বাক্যটি সম্পূর্ণ কর :

i) সারাবছর প্রবল উষ্ণতাজনিত কারণে যে চাপবলয়টি গঠিত হয়েছে, সেটি হল নিরক্ষীয় নিম্নচাপ বলয় ।

ii) স্থানীয়ভাবে বায়ুর চাপগত পার্থক্যের জন্য যে প্রবল শক্তিজনিত বায়ুপ্রবাহের সৃষ্টি হয়, তা হল ঘূর্ণবাত

খ) বামদিকের স্তম্ভের শব্দগুচ্ছের সাথে ডানদিকের স্তম্ভের শব্দগুচ্ছকে মেলাও

বামদিক	ডানদিক
i) অশ্ব অক্ষাংশ	d) কর্কটীয় শান্তবলয়
ii) চিনুক	a) রকি পার্বত্য অঞ্চল
ii) উপত্যকা বায়ু	b) বৈপরীত্য উত্তাপ
iv) পশ্চিমা বায়ু	c) গর্জনশীল চল্লিশা

২. বায়ুচাপ বলয় বলতে কী বোঝায় ?

উ :- পৃথিবী পৃষ্ঠের উপর নির্দিষ্ট দূরত্বের ব্যবধানে সমধর্মী বায়ুস্তর প্রায় হাজার কিলোমিটার জুড়ে পুরো পৃথিবী কে কয়েকটি বলেয়ের আকারে বেষ্টন করে আছে, একে বলে বায়ুর চাপ বলয়।

৩. প্রতীপ ঘূর্ণবাত অঞ্চলে শান্ত আবহাওয়া বিরাজ করে কেন ?

উ :- প্রতীপ ঘূর্ণবাত আসলে ঘূর্ণবাতের বিপরীত অবস্থা । সাধারণত উচ্চ অক্ষাংশে প্রতীপ ঘূর্ণবাতের সৃষ্টি হয় । এই অঞ্চলে থাকে বায়ুর উচ্চচাপ এবং সেই বায়ু ধীরে ধীরে তার চারপাশের নিম্নচাপ অঞ্চলের দিকে যেতে থাকে এবং তাই প্রতীপ ঘূর্ণবাত অঞ্চলে কোন ঝড়ো হওয়া প্রভাবিত হয়না বলে শান্ত থাকে ।

৪. পৃথিবীর দুই মেরু অঞ্চলে উচ্চচাপ বলয় সৃষ্টির কারণ কী ?

উ :- পৃথিবীর দুই মেরু অঞ্চলে উচ্চচাপ বলয় সৃষ্টির কারণ হল-

i) দুই মেরু অঞ্চল সারাবছর বরফে ঢাকা থাকায় তাপমাত্রা প্রায় সবসময় হিমাক্ষের নিচে থাকে । তাই এখানকার বাতাস খুব শীতল ও ভারী।

ii) এই অঞ্চলে সূর্যরশ্মি তির্যক ভাবে পড়ায় তাপের অভাবে বাষ্পীভবন খুব কম। ফলে বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ খুব কম থাকে।

iii) পৃথিবীর আবর্তনের কারণে দুই মেরুবৃত্ত প্রদেশের বায়ুর কিছু অংশ শীতল ও ভারী হয়ে মেরু অঞ্চলে নেমে আসে।

ইত্যাদি কারণে মেরু অঞ্চলে উচ্চচাপ বলয় সৃষ্টি হয়েছে।

৫. সমুদ্রবায়ু ও স্থলবায়ুর দুটি ছবি অঙ্কন করে বায়ুপ্রবাহের গতিপথ চিহ্নিত কর।

উঃ





এই ভাবে দুটি চিত্র আঙ্কন করতে হবে